**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15–08–2024**
**Time: 07.55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় আজ সারা দেশ জুড়ে উদযাপিত হচ্ছে ।**

**(২) প্রধানমন্ত্রী বলেছেন, সরকার উত্তর–পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে ।**

**(৩) মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্য সরকার জনগনের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যে অঙ্গীকারবদ্ধ ।**
**(৪) স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাজভবনে অনুষ্ঠিত হয় এট হোম অনুষ্ঠান।**

*******************************************

**PM :**

ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় আজ সারা দেশ জুড়ে উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে লালকেল্লায় পতাকা উত্তোলন করেন এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, আজ অগণিত বীর স্বাধীনতা সংগ্রামীর আত্মত্যাগকে শ্রদ্ধা জানানোর দিন। তিনি আশা প্রকাশ করেন ১৪০ কোটি মানুষের প্রচেষ্টায় সমস্ত বাধা দূর করে বিকশিত ভারতের স্বপ্ন সফল হবে। ভোকাল ফর লোকাল এখন অর্থনীতির মন্ত্রে পরিণত হয়েছে।

তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ১০ কোটি মহিলা স্ব সহায়ক দলে অংশ নিয়ে নিজেদের আত্মনির্ভর করে তুলেছেন। ১ কোটি পরিবারে লাখপতি দিদি তৈরী হয়েছে। বর্তমান সময়কে ভারতের স্বর্ণিম সময় উল্লেখ করে বলেন আবাসন প্রকল্পে ৪ কোটি ঘর তৈরী করে দেওয়া হয়েছে। আর ৩ কোটি নতুন ঘর তৈরী করা হবে। প্রধানমন্ত্রী বলেন.........

#####Byte#####

*********************

**Independence day -C.M:**

রাজ্যেও আজ যথাযথ মর্যাদায় ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। সকালে আগরতলার আসাম রাইফেলস ময়দানে আয়োজিত মূল অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন ও সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন ও অভিবাদন গ্রহন করেন। অনুষ্ঠানে রাজ্যবাসীর উদ্দ্যেশ্যে ভাষন দিতে গিয়ে মুখ্যমন্ত্রী রাজ্যের অগ্রগতির চিত্র বিস্তারিত উল্লেখ করে বলেন, রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের পাশাপাশি জনগনের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যেও অঙ্গীকারবদ্ধ ।

মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সাফল্যের খতিয়ান উল্লেখ করে বলেন, প্রতিবেশী দেশ ও ভারতের অন্যান্য রাজ্যের সঙ্গে ত্রিপুরার ব্যবসা বানিজ্যের পরিমান ১ লক্ষ কোটি টাকায় নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

মহিলাদের ক্ষমতায়ন, কর্ম সংস্থানের উদ্দ্যেশ্যে দক্ষতা বিকাশে আধুনিক পদ্ধতি প্রয়োগ, রাজ্যের জি ডি পি বৃদ্ধির লক্ষে

পরিকাঠামো উন্নয়ন, একটি মাল্টি ডিসিপ্লিনারি বিশ্ববিদ্যালয় স্থাপন, জনজাতিদের কল্যানে বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন,.........

#####Byte#####
*********************

**Independence Day-Governor :**

বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। আজ সকালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে এবং গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করেন। পরে তিনি লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। ৩টি অনুষ্ঠানেই কৃষিমন্ত্রী রতনলাল নাথ উপস্থিত ছিলেন।

*********************

**INDEPENDENT DAY –GOMATI:**

গোমতী জেলায় স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হয় উদয়পুরে নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন অর্থমন্ত্রী  প্রনজিৎ সিংহ রায়।

অমরপুর মহকুমার মূল অনুষ্ঠানটি হয় চন্ডি বাড়ি মাঠে l জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক রঞ্জিত দাস l করবুক পাঞ্জিহাম স্কুল মাঠে করবুক মহকুমা ভিত্তিক মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা  l

*********************

**Independence Day/ KAILASHAHAR:**

ঊনকোটি জেলাতেও কৈলাশহর কলেজ স্টেডিয়ামে জেলার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির প্রমুখ।

স্বাধীনতা দিবস উপলক্ষে হাসপাতালের রোগি, জেলা কারাগারের কারাবাসী এবং মূক ও বধির বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়।

**********************

**Independent Day- South Tripura:**

বিলোনিয়ার বিদ্যাপীঠ দ্বাদশ স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক অশোক কুমার মিত্র ও দীপংকর সেন, জেলা শাসক স্মিতা মল এম এস, পুলিশ সুপার অশোক কুমার সিনহা প্রমুখ। পুলিশ টিএসআর সহ ৮ টি প্লাটুন কুচকাওয়াজে অংশ নেয় । মুহুরীর জলে ভেসে যাওয়া এক যুবককে উদ্ধার করায় সাহসিকতার জন্য সুশান্ত ভট্টাচার্য ও জেলা প্রশাসনের ২১ জন কর্মচারীকে অনুষ্ঠানে সংবর্ধনা জ্ঞাপন করা হয় অনুষ্ঠানে।

**********************

**Independent Day Santirbazar & Sabroom:**

শান্তিরবাজার দ্বাদশ স্কুল মাঠে মহকুমা ভিত্তিক স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে পতাকা উত্তোলন করেন বিধায়ক প্রমোদ রিয়াং। এই অনুষ্ঠানে ক্রীড়া, শিক্ষা, সংস্কৃতি সহ সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ১০ জনকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সাব্রুম বয়েজ স্কুল মাঠে সাব্রুম মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক মাইলাফ্রু মগ। অনুষ্ঠানে লোক গবেষক অশোকানন্দ রায়বর্ধন সহ ৭ জনকে এবং বাল্যবিবাহ রুখতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহনের জন্য বালিকা মঞ্চের সঙ্গে যুক্ত ৩ জনকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

*********************

**Independence day-ADC:**

এডিসির উদ্যোগেও যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। খুমুলুং এ খুমপুই মাঠে মূল অনুষ্ঠানে চেয়ারম্যান জগদীশ দেববর্মা জাতীয় পতাকা উত্তোলন করেন । তিনি নিরাপত্তা বাহিনীর জওয়ানদের কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহন করেন।

*********************

**Tiranga Rally – ICA:**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আজ তথ্য সংস্কৃতি দপ্তর ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগরতলায় তিরঙ্গা রেলি অনুষ্ঠিত হয়। রেলিটির সূচনা করেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী। রেলিটিতে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে।

*********************

**Biplab Kumar Deb:**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ খয়েরপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাধামোহনপুর কাতুঙ পাড়ায় জাতীয় পতাকা উত্তোলন করেন । সেখানে তিনি জনজাতিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

*********************

**Rajbhaban at home:**

৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ সন্ধ্যায় রাজভবনে এট হোম অনুষ্ঠানে আয়োজন করা হয়। অনুষ্ঠানের রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, বন মন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধানসভার মুখ্যসচেতন কল্যাণী রায়, বিধানসভার সদস্যগণ, দীপক মজুমদার হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং ও অন্যান্য বিচারপতিগণ উপস্থিত ছিলেন। এট হোম অনুষ্ঠানে ত্রিপুরার রাজ্যপাল ক্যুইন প্রজাতির আনারসের আরো জনপ্রিয়তার জন্য রাজভবনের প্রবেশ পথ, সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চের বিভিন্ন জায়গায় ক্যুইন আনারস প্রদর্শন করা হয়। এট হোম অনুষ্ঠানে মনোজ্ঞ দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*********************

**Independence Day-Sepahijala:**

সিপাহীজলা জেলার মূল অনুষ্ঠানটি হয় চড়িলাম দীনদয়াল উপাধ্যায় মিনি স্টেডিয়ামে। বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জাতীয় পতাকা উত্তোলন করে কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন।

রাজ্য পুলিশ টি.এস.আর ছাড়াও মোট ১১ প্লাটুন প্যারেডে অংশ গ্রহণ করে। সিপাহীজলা জেলার অন্তর্গত সোনামুড়, বিশালগড়, জম্পুইজলা মহকুমাতেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মহকুমা ও ব্লক ভিত্তিক স্বাধীনতা দিবস উদযাপন করা হয়।

********************

**Mou-TIFT & IIM:**

রাজ্যের উন্নয়নে এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে গতকাল ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কলকাতার মধ্যে এক মউ স্বাক্ষরিত হয়। সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও মুখ্যসচিব জে কে সিনহার উপস্থিতিতে মৌ স্বাক্ষর করেন টিআইএফটি-র সিইও তথা গুড গভর্ন্যান্স দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং আইআইএম, কলকাতার ডিন প্রফেসর রাজেশবাবু আর। মুখ্যমন্ত্রী বলেন, বিকশিত ভারত-২০৪৭-এর পরিকল্পিত লক্ষ্য অর্জনে এই উদ্যোগ সহায়ক ভূমিকা নেবে।

********************

**BSF-BGB –Sepahijala:**

সোনামুড়ার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে উভয় দেশের সীমান্ত রক্ষী বাহিনীর আধিকারিক ও জওয়ানরা শুভেচ্ছা বিনিময় করেন। শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর সংলগ্ন সীমান্তের জিরো পয়েন্টে বিজিবি ১০ নম্বর বাহিনীর বিবিরবাজার ক্যাম্পের সুবেদার আবু নাসিমের হাতে মিষ্টির প্যাকেট তুলে দিয়ে শুভেচ্ছা জানান বিএসএফের ৮১ নম্বর ব্যাটেলিয়নের কমান্ডেন্ট রাকেশ সিনহা।

বিএসএফের পক্ষ থেকে সীমান্তএলাকার ছোট -ছোট ছেলে-মেয়েদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়।

*********************

**Independence Day-TSLSA:**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অমরনাথ গৌড় আজ আগরতলায় আইনসভা কর্তৃপক্ষের অফিসে জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর তিনি এক অনুষ্ঠানে আইন সেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরীর সম্পাদিত শিশুদের জন্য পকসো আইনের উপর বাংলা ও ইংরেজি ভাষায় লেখা দুটি বইয়ের আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানের উপস্থিত ছিলেন বিচারপতি বিশ্বজিৎ পালিত, পশ্চিম জেলা দায়রা বিচারপতি শুভাশিস শর্মা রায়, সিবিআই এর বিশেষ আদালতের বিচারপতি শর্মিষ্ঠা মুখার্জী, আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য প্রমূখ।

*********************

**Foundation Day-School:**

আগরতলার শংকরাচার্য বিদ্যানিকেতনের প্রতিষ্ঠা দিবস আজ যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। এই উপলক্ষে এক প্রভাত ফেরি শহর দক্ষিণাঞ্চলের বিভিন্ন পথ পরিক্রমা করে। স্কুল প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলনের পর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*********************

**AMC-Independence Day:**

আগরতলা পুর নিগম কার্যালয়ে আজ স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন সমস্ত কর্পোরেটর ও পুর কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমূখ।

*********************

**Blood Donation - Nabadiganta:**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আগরতলার জয়নগরে নবদিগন্ত সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আজ এক রক্ত দান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ২৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*********************

**INDEPENDENT DAY –Khowai:**

খোয়াই জেলাতেও আজ যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। খোয়াই জেলার মূল অনুষ্ঠানটি হয় খোয়াই বিমানবন্দর ময়দানে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা।

*********************

**Khowai-F.P Shop:**

খোয়াইয়ের সরকারী ন্যায্যমূল্য দোকান পরিচালন সমিতির উদ্যোগে স্বাধীনতা দিবস উপলক্ষে খোয়াই জেলা হাসপাতালে রোগীদের মধ্যে ফল মিষ্টি বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস কান্তি দাস,

জিলা পরিষদ সদস্য সুব্রত মজুমদার, মহকুমা শাসক মেঘা জৈন।

**********************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন. ছাব্বিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

**********************

**********************